



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/31/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর ক্যাথি হোচুল শিশুদের পরিচর্যা প্রদানকারী স্থিতিশীল অনুদানের ফান্ডে 89 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেন, শুরু করার প্রথম মাসের মধ্যে

10,600টি আবেদন অনুমোদিত হয়েছে

অনুদানের আবেদনটি সম্পূর্ণ হতে 10 মিনিট সময় নেয়

অপরিহার্য কর্মীর বৃত্তি মঞ্জুরির জন্য অতিরিক্ত কেয়ার্স তহবিল বরাদ্দ করা হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে – আবেদনগুলি খোলার এক মাসেরও কম সময়ের মধ্যে – শিশু পরিচর্যার প্রদানকারীর স্থিতিশীল অনুদানের ফান্ডে 89 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের 18,000 যোগ্য শিশু পরিচর্যা প্রদানকারীর মধ্যে 10,600-এরও বেশি শিশু পরিচর্যার স্থিতিশীলতা অনুদানের অর্থায়নের জন্য আবেদন করেছেন। আজ পর্যন্ত, শিশু পরিচর্যার প্রদানকারীরা ফেডারেল তহবিলে উপলব্ধ 1.1 বিলিয়ন মার্কিন ডলারের 585 মিলিয়ন মার্কিন ডলারের অনুরোধ করেছে। অনুদানগুলি সরাসরি শিশু পরিচর্যা প্রদানকারীদের উপকৃত করে এবং একটি শিল্পকে স্থিতিশীল করতে সাহায্য করবে যা কোভিড-19 (COVID-19) মহামারীর সময় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের নিউ ইয়র্ক রাজ্যের অফিস (New York State Office of Children and Family Services) তহবিলগুলির পরিচালনা করছে।

"কোভিড-19 মহামারী থেকে পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণের জন্য আমাদের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ হল নিউ ইয়র্কবাসীদের কাজে ফিরিয়ে আনা, কিন্তু এটি করার জন্য, আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের মানসম্মত, সাশ্রয়ী মূল্যের শিশু পরিচর্যার সুযোগ রয়েছে" **গভর্নর হোচুল বলেন।** "এটি এখন পর্যন্ত শিশু পরিচর্যার ক্ষেত্রে আমাদের একক বৃহত্তম বিনিয়োগ, এবং আমরা আমাদের রাজ্যের শিশু যত্ন শিল্পকে স্থিতিশীল করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব তহবিল বিতরণ করছি যাতে অভিভাবকরা কর্মস্থলে ফিরে আসতে পারেন। আমরা ইতিমধ্যেই অর্থায়নের ক্ষেত্রে অসাধারণ সাফল্য পেয়েছি, এবং আমি সেই সমস্ত যোগ্য প্রদানকারীদের উৎসাহিত করি যারা এই তহবিলের জন্য আবেদন করেননি, যে তারা যেন এই তহবিলের জন্য আবেদন করেন।"

যেহেতু অনুদানটি 4 আগস্টে ঘোষণা করা হয়েছিল, শিশু পরিচর্যার প্রদানকারীরা রাজ্যব্যাপী অনুরোধকৃত তহবিলের 89 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছেন। পেমেন্টগুলি সরাসরি সেই প্রদানকারীদের করা হয় যাদের সহজ অনলাইন [আবেদনগুলি](#) অনুমোদিত হয়েছে। কর্মীদের খরচ, ভাড়া বা বন্ধক, ইউটিলিটি, ফ্যাসিলিটির রক্ষণাবেক্ষণ বা উন্নতি, ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জাম, কোভিড-19-এর মোকাবিলা করার জন্য প্রয়োজনীয় সরবরাহ, শিশু পরিচর্যার সেবা বজায় রাখতে বা পুনরায় চালু করার জন্য প্রয়োজনীয় পণ্য ও পরিষেবা, শিশু এবং কর্মচারীদের জন্য মানসিক স্বাস্থ্যের সহায়তা, কর্মীদের জন্য স্বাস্থ্য ও নিরাপত্তার প্রশিক্ষণ, এবং অন্যান্য ব্যবহার যেমন বর্ণিত হয়েছে [অনুদানে](#) ইত্যাদির জন্য শিশু পরিচর্যার প্রোগ্রাম তহবিলটি ব্যবহার করতে পারে।

রাজ্যব্যাপী আনুমানিক 18,000 প্রদানকারী যোগ্য এবং তাদের মধ্যে রয়েছে OCFS-এর লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত প্রোগ্রাম, অনুমোদিত নিউইয়র্ক সিটি ডে কেয়ার সেন্টার এবং একটি এনরোলমেন্ট এজেন্সির সাথে তালিকাভুক্ত আইনগতভাবে ছাড়প্রাপ্ত গ্রুপ প্রোগ্রাম। যোগ্য হওয়ার জন্য, প্রোগ্রামগুলি 11 মার্চ, 2021 থেকে খোলা এবং সশরীরে শিশুদের পরিষেবা প্রদান করে থাকতে হবে, এবং অনুদানের জন্য আবেদন করার তারিখে সশরীরে সেবা প্রদানের জন্য খোলা এবং উপলব্ধ থাকতে হবে। এর মধ্যে রয়েছে শিশু পরিচর্যা প্রদানকারীরা যারা "খোলা" এবং সশরীরে সেবা প্রদানের জন্য কর্মীর ব্যবস্থা করেছেন, যদিও বর্তমানে কোন শিশু তালিকাভুক্ত নেই। যেসব প্রোগ্রাম আবেদনের তারিখে পরিষেবা প্রদান করছে না তারাও এই অনুদানের জন্য যোগ্য হতে পারে যদি জনস্বাস্থ্য, আর্থিক কষ্ট, বা কোভিড-19 সংক্রান্ত অন্যান্য কারণে প্রোগ্রামটি সাময়িকভাবে বন্ধ হয়ে যায়, এবং তারা অন্তত একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে শিশুদের সেবা প্রদান শুরু করবে তা নিশ্চিত করে।

অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services, OCFS) কমিশনার শীলা জে পুল বলেছেন, "স্থিতিশীলতা অনুদান চালু করার প্রতি অত্যধিক ইতিবাচক প্রতিক্রিয়া, আমরা যা ইতিমধ্যে জানি তা নিশ্চিত করে - শিশু পরিচর্যা প্রদানকারীদের যতটা সম্ভব কম প্রশাসনিক বোঝা সহ সরাসরি সহায়তা প্রয়োজন। আমাদের আবেদন একটি অনলাইন, সুশৃঙ্খল প্রক্রিয়া যা সম্পূর্ণ করতে আনুমানিক দশ মিনিট সময় লাগে এবং প্রদানকারীর হাতে দ্রুত অর্থ প্রদান করে। স্থিতিশীলতার অনুদানগুলির জন্য আবেদন বা অ্যাক্সেস এবং বাস্তবায়নে সাহায্য প্রয়োজন এমন শিশু পরিচর্যা কর্মসূচীদের সহায়তা করার জন্য আমাদের একটি নিবেদিত হেল্প লাইন এবং রাজ্যব্যাপী চাইল্ড কেয়ার রিসোর্স এবং রেফারেল প্রোগ্রাম রয়েছে। আমরা এই সূচনার অসাধারণ সাফল্যে খুব খুশি এবং সকল যোগ্য প্রদানকারীকে অবিলম্বে আবেদন করতে উৎসাহিত করি।"

আবেদনগুলি [এখানে](#) উপলব্ধ।

OCFS এই ঘোষণা করতে পেরেও আনন্দিত যে জুনের শেষের দিকে চালু হওয়া এসেনশিয়াল ওয়ার্কার স্কলারশিপ অনুদানের সুযোগে অতিরিক্ত 61.4 মিলিয়ন মার্কিন ডলারের উপলব্ধ CARES ফান্ড যোগ করা হয়েছে। এই অতিরিক্ত তহবিল বরাদ্দ মূল তহবিলের পরিমাণ দ্বিগুণেরও বেশি করে দীয়েছে এবং এখন 12 সপ্তাহের জন্য পূর্ণ-শিশু পরিচর্যা বৃত্তি সহ প্রায় 36,000 শিশুদের সহায়তা করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)